গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন

এবং

সচিব, পরিকল্পনা বিভাগ (মাননীয় পরিকল্পনা মন্ত্রীর প্রতিনিধি)-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৬ - জুন ৩০, ২০১৭

কার্যক্রম বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of the Programming Division)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা:

সাম্প্রতিক অর্জন (বিগত ৩ (তিন) বছরের অর্জন)ঃ

সরকারের দীর্ঘ মেয়াদী ও মধ্যমেয়াদী পরিকল্পনা অনুযায়ী বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে উন্নীত করা, জীবন যাত্রার মান উন্নয়ন, দারিদ্র্য বিমোচন ও ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যকে সামনে রেখে সরকারি বিনিয়োগের অন্যতম হাতিয়ার বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) প্রণয়ন করা হয়েছে। পঞ্চবার্ষিক পরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জন ও খাতভিত্তিক অগ্রাধিকার বিবেচনাপূর্বক সময়ানুগ বাস্তবায়ন নিশ্চিতকরার লক্ষ্যে বাস্তবভিত্তিতে প্রকল্প সংখ্যা নির্ধারণ করা হয়েছে। বেসরকারি উদ্যোগে এবং সরকারি-বেসরকারি অংশীদারিত্বের ভিত্তিতে গৃহীত সম্ভাব্য গৃহীতব্য. প্রকল্পের সহায়ক প্রকল্প এডিপিতে অন্তর্ভুক্ত করা হয়েছে। এলাকা/অঞ্চলভিত্তিক সুষম উন্নয়ন নিশ্চিত করার লক্ষ্যে প্রকল্প গ্রহণ ও বরাদ্দ প্রদানের ক্ষেত্রে বিবেচনা করা হচ্ছে। মধ্যমেয়াদী বাজেট কাঠামো (MTBF) অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগকে প্রদত্ত ব্যয় সীমার সাথে এডিপি বরাদ্দ প্রদানের ক্ষেত্রে সামঞ্জস্য রাখা হয়েছে। এডিপিতে "বিশেষ প্রয়োজন উন্নয়ন সহায়তা" শীর্ষক খাতে অর্থের সংস্থান করা হয়েছে। নতুন অনুমোদিত প্রকল্পের অনুকূলে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের 'থোক' হতে প্রয়োজনীয় অর্থের সংস্থান সম্ভব না হলে উক্ত খাত থেকে অর্থ বরাদ্দ দেয়ার ব্যবস্থা করা হয়েছে। সর্বোপরি উন্নয়ন খাতে সরকারি বিনিয়োগ ক্রমান্বয়ে বৃদ্ধির সাথে সাথে দক্ষতার সাথে অগ্রাধিকার নির্ধারণপূর্বক খাতভিত্তিক বরাদ্দ প্রদান ও এডিপি প্রণয়ন করা হয়েছে।

সমস্যা ও চ্যালেঞ্জঃ

অসম্পূর্ণ Development Project Proposal (DPP) এবং উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে নির্ধারিত সময়সীমা অতিক্রম (Time overrun), ক্ষেত্রবিশেষে প্রকল্প ব্যয় বৃদ্ধি (Cost overrun), Retational Database প্রতিষ্ঠা এবং এডিপি'র আকারে উর্ধ্বগামী বৃদ্ধি বিবেচনায় কর্মদক্ষতার সাথে সাথে আইটি জ্ঞান সম্পন্ন প্রয়োজনীয় জনবল ও অফিস ইক্যুইপমেন্টসহ আনুষঙ্গিক Logistic Support বৃদ্ধি।

ভবিষ্যৎ পরিকল্পনাঃ

সরকারি উন্নয়ন ব্যয় ব্যবস্থাপনা উন্নয়নের লক্ষ্যে খাত ভিত্তিক দীর্ঘ মেয়াদী কৌশল নির্ধারণ, উন্নয়ননীতি এবং সম্পদের বরাদ্দ ও ব্যবহারে সামঞ্জস্য বিধান। উন্নয়ন অধিকতর কার্যকর করার লক্ষ্যে প্রকল্প মূল্যায়ন, প্রক্রিয়াকরণ ও অনুমোদন পদ্ধতি গতিশীল এবং ব্যবহার উপযোগী করার জন্য ম্যানুয়াল প্রণয়ন।

২০১৬-১৭ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ

(ক) সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির চূড়ান্ত প্রকাশনা;
(খ) বার্ষিক উন্নয়ন কর্মসূচির চূড়ান্তকরণ; এবং
(গ) বার্ষিক উন্নয়ন কর্মসূচি ও সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির পর্যালোচনা।

<u>উপক্রমনিকা (Preamble)</u>

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগের দায়িত্বে নিয়োজিত সদস্য

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পরিকল্পনা মন্ত্রীর প্রতিনিধি হিসেবে সচিব, পরিকল্পনা বিভাগ-এর মধ্যে ২০১৬ সালের জুন মাসের ২৮ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

প্রস্তাবনা

সেকশন ১:

কার্যক্রম বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision):

টেকসই, সময়াবদ্ধ ও কার্যকর আর্থ-সামাজিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন।

১.২ অভিলক্ষ্য (Mission):

অংশগ্রহণমূলক জাতীয় উন্নয়ন পরিকল্পনা, নীতিমালা, কৌশল এবং কার্যকর সম্পদ ব্যবস্থাপনার মাধ্যমে দেশের টেকসই সর্বাঙ্গীন উন্নয়ন।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১. খাত ভিত্তিক অগ্রাধিকার ও কর্মকৌশল নির্ধারণপূর্বক উন্নয়ন খাতে সরকারি বিনিয়োগ
২. উন্নয়ন বরাদ্দ ব্যবস্থাপনা
৩. উন্নয়ন প্রকল্প মূল্যায়নে সহায়তা প্রদান ও পরিবীক্ষণ

১.৪ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১. দক্ষতার সংগে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন
২. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৩. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন
৪. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন
৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

১.৫ কার্যাবলি (Functions):

১. বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) প্রণয়ন;
২. সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) প্রণয়ন;
৩. বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে নতুন প্রকল্প নির্বাচন ও প্রকল্পের অগ্রাধিকার নির্ধারণ;
৪. বার্ষিক উন্নয়ন কর্মসূচির আকার নির্ধারণ এবং খাতওয়ারী সম্পদ বন্টন;
৫. প্রয়োজনীয় ক্ষেত্রে এডিপি বরাদ্দ হতে অর্থ অবমুক্তিতে সম্মতি প্রদান;
৬. বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন পর্যালোচনা;
৭. নতুন অনুমোদিত প্রকল্পের বরাদ্দ ও চলতি প্রকল্পের অনুকূলে প্রয়োজনীয় অতিরিক্ত বরাদ্দ প্রদান;
৮. প্রকল্পের অনুকূলে এডিপিতে বরাদ্দকৃত অর্থের পুনঃউপযোজন/ব্যয়খাত সংশোধন;
৯. "বিশেষ প্রয়োজনে উন্নয়ন সহায়তা" থোক থেকে অর্থ বরাদ্দ;
১০. স্থানীয় সরকার/পার্বত্য চট্টগ্রাম প্রতিষ্ঠান সমূহের/বিশেষ এলাকা উন্নয়নের জন্য থোক বরাদ্দ প্রদান;
১১. পিইসি. ডিপিইসি, এসপিইসি, ডিএসপিইসি, প্রকল্প স্টিয়ারিং কমিটি, প্রকল্প বাস্তবায়ন কমিটির সভায় যোগদান ও মতামত/পরামর্শ প্রদান;
১২. বিভিন্ন মন্ত্রণালয়ের মাসিক এডিপি পর্যালোচনা সভায় যোগদান;
১৩. বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের Budget Management Committee (BMC) ও Budget Working Group (BWG) সভায় যোগদান;
১৪ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের MTBF ceiling নির্ধারণ সংক্রান্ত অর্থ বিভাগে অনুষ্ঠিত ত্রিপক্ষীয় সভায় মতামত প্রদান ও যোগদান;
১৫ আরএডিপি বরাদ্দের সর্বোচ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে আরএডিপি বরাদ্দ পুনর্বিন্যাস; এবং
১৬. উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়নে অংশগ্রহণ।

সেকশন ২

কার্যক্রম বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)	চূড়ান্ত ফলাফল সূচক (Performance Indicator)	একক (Unit)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা ২০১৬-১৭	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র (Source of Data)
			২০১৪-১৫	২০১৫-১৬		২০১৭-১৮	২০১৮-১৯		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
বার্ষিক উন্নয়ন কর্মসূচি --- জাতীয় উন্নয়ন পরিকল্পনা দলিলের সাথে সামঞ্জস্যপূর্ণ প্রকল্প গ্রহণ।	অনুমোদিত প্রকল্প	সংখ্যা	১১৮৭	১১২৪	১২৯৬	১৩৪২	১৪৫০	সমগ্র বাংলাদেশের প্রায় ২০০টি মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/ কর্পোরেশন/কর্তৃপক্ষ/বোর্ড/ ফাউন্ডেশন/সংস্থা/কোম্পানী/ সিটি কর্পোরেশন/ব্যুরো/ট্রাষ্ট/ বিশ্ববিদ্যালয়/একাডেমী/ কাউন্সিল	কার্যক্রম বিভাগ. পরিকল্পনা কমিশনের বার্ষিক উন্নয়ন কর্মসূচি ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬
	অননুমোদিত (বিনিয়োগ+বৈদেশিক) প্রকল্প	সংখ্যা	১০২২	১২৪২	১৪১৭	১৪৫৯	১৫৬৫		
	সম্ভাব্য সমাপ্য প্রকল্প	সংখ্যা	৩২৪	৩২৪	৩৫৪	৩৬৪	৪০০		
সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি -- জাতীয় উন্নয়ন পরিকল্পনা দলিলের সাথে সামঞ্জস্যপূর্ণ প্রকল্প গ্রহণ।	অনুমোদিত প্রকল্প	সংখ্যা	১২০৪	১৪৫৮	১৫৮০	১৭১০	১৮০০	সমগ্র বাংলাদেশের প্রায় ২০০টি মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/ কর্পোরেশন/কর্তৃপক্ষ/বোর্ড/ ফাউন্ডেশন/সংস্থা/কোম্পানী/ সিটি কর্পোরেশন/ব্যুরো/ট্রাষ্ট/ বিশ্ববিদ্যালয়/একাডেমী/ কাউন্সিল	কার্যক্রম বিভাগ. পরিকল্পনা কমিশনের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬
	অননুমোদিত (বিনিয়োগ+বৈদেশিক) প্রকল্প	সংখ্যা	১০৬১	১১০০	১১৪৫	১১৯৫	১৩০০		
	সম্ভাব্য সমাপ্য প্রকল্প	সংখ্যা	২৮০	২৭৭	৩১০	৩৩০	৩৮০		